সংবাদ

তারিখ ... 16/7/83 ... পৃষ্ঠা ... 1 ... কলাম 1 ...

033

078

# ৫৭ বছর উত্তীর্ণ হলে চাকরিতে পুনর্নিয়োগ করা হবে না

(বিশেষ প্রতিনিধি)

৭ই জুলাইয়ের গেজেটে প্রকাশিত সংস্থাপন বিভাগ ইডি(আর-৪) ২৫৯।৮৩-৫৯ নম্বর স্মারকলিপির মাধ্যমে সংশ্লিষ্ট সকল সরকারী মন্ত্রণালয়ও সংস্থাকে জানিয়ে দিয়েছে যে, ৫৭ বছর বয়স উত্তীর্ণ হওয়ার পর কোন সরকারী কর্মকর্তা বা কর্মচারীকে সরকারী চাকরিতে পুনর্নিয়োগ বা চুক্তিভিত্তিক নিয়োগ করা যাবে না। উক্ত সিদ্ধান্ত সকল স্বায়ত্তশাসিত ও আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

(শেষ পৃঃ -এর কঃ দ্রঃ)

## ৫৭ বছর উত্তীর্ণ হলে

(১ম পাতার পর)

উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উপরোক্ত বিষয়ে কোন প্রস্তাব সংস্থাপন বিভাগে প্রেরণ না করার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হয়েছে।

## উচ্চ শিক্ষার্থী বাছাইয়ের জন্য কমিটি

বিদেশে মাষ্টার ডিগ্রী, পিএইচ ডি এবং পোষ্ট ডক্টরেট গবেষণা কার্যের জন্য প্রার্থী বাছাইয়ের জন্য সরকার শিক্ষা বিভাগের সচিবকে চেয়ারম্যান করে ৫ সদস্যবিশিষ্ট একটি সিলেকশান কমিটি গঠন করেছেন। কমিটিতে সংস্থাপন বিভাগের পক্ষ থেকে অতিরিক্ত সচিবের পদমর্যাদাসম্পন্ন একজন সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পক্ষ থেকে অতিরিক্ত সচিবের পদমর্যাদাসম্পন্ন একজন সদস্য এবং বহিঃসম্পদ বিভাগের পক্ষ থেকে যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পদমর্যাদাসম্পন্ন একজন সদস্য-সেক্রেটারী কমিটিতে থাকবেন।

## ৭ দিনের বেশী ছুটি নিলে হাসপাতালে ভর্তি হতে হবে

সরকার ৭ই জুলাইয়ের গেজেটে প্রকাশিত ইডি (আর-৪-১৬৪-৮৩-৬২ নম্বর বিজ্ঞপ্তির মাধ্যমে এ নির্দেশ ঘোষণা করেছেন যে কোন সরকারী কর্মকর্তা বা কর্মচারী স্বাস্থ্যগত কারণ দেখিয়ে ৭ দিনের বেশী ছুটি নিলে বা চাইলে তাকে হাসপাতালে ভর্তি হওয়া বাধ্যতামূলক করতে হবে।

উক্ত আদেশে বলা হয়েছে যে, কোন কোন সরকারী কর্মকর্তা বা কর্মচারীর অনাবশ্যকভাবে স্বাস্থ্যগত কারণ দেখিয়ে ছুটি নেয়ার প্রবণতা রয়েছে। এ প্রবণতা দমনের উদ্দেশ্যে সরকার উক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন বলে নির্দেশে বলা হয়েছে।